গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
নরডিক শাখা
শেরে বাংলা নগর, ঢাকা

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৩ জুলাই ২০২৫ তারিখ, রোজ বৃহস্পতিবার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সুইডেন সরকারের মধ্যে 'Strengthening Capacity of MoEFCC, DoE and BFD for Natural Resource Management and Improved Climate Resilience'-শীর্ষক প্রকল্পের অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।

০২। অনুদান চুক্তিটির মাধ্যমে সুইডেন সরকার বাংলাদেশ সরকারকে ৪.৯ মিলিয়ন SEK (আনুমানিক ৬ কোটি ১৬ লক্ষ টাকা, ১ SEK = ১২.৫৮ টাকা) অনুদান সহায়তা প্রদান করবে। প্রকল্পটির উদ্দেশ্য হলো জলবায়ু পরিবর্তনের সাথে সংযোগ স্থাপন করে পরিবেশগতভাবে সংকটাপন্ন এলাকার তদারকি বৃদ্ধি এবং বন্যপ্রাণী ট্রাস্ট তহবিল গঠনের মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ। প্রকল্পের মেয়াদ জুলাই ২০২৫ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

০৩। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব (রুটিন দায়িত্বে) ড. এ, কে, এম শাহাবুদ্দিন এবং সুইডেন সরকারের পক্ষে Ms. Maria Stridsman, Chargé d'affaires and Head of Development Cooperation, Embassy of Sweden চুক্তিটি স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সুইডেন দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০৩/০৭/২০২৫

মোঃ খালিদ হাসান
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়